

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২২, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা-৩(স্বল্প)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ শ্রাবণ ১৪১৯ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০১২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “সর্বোচ্চ মূল্য সংযোজন কর পরিশোধকারী প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৫(সংশোধিত)”

নং ০৮.০০.০০০০.০৩৮.২২.০১৫.০৫.৪২৯—যেহেতু মূল্য সংযোজন কর বিষয়ে সচেতনতা সৃষ্টিসহ মূল্য সংযোজন কর পরিশোধে সকল-কে উৎসাহিত করার নিমিত্ত সরকার ২০০৪-০৫ অর্থ বৎসর হইতে জাতীয় পর্যায়ে ও জেলা পর্যায়ে সর্বোচ্চ কর পরিশোধকারী বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানকে প্রতিবৎসর পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং যেহেতু সরকারের এই সিদ্ধান্ত কার্যকর করার জন্য একটি সমন্বিত নীতি প্রণয়ন করা সমীচীন; সেহেতু সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই নীতিমালা “সর্বোচ্চ মূল্য সংযোজন কর পরিশোধকারী প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৫(সংশোধিত)” নামে অভিহিত হইবে।

(২) ২০০৪-২০০৫ অর্থ বৎসর হইতে ইহা কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই নীতিমালায়—

(ক) “উৎপাদক” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২ এর দফা (খ)-তে সংজ্ঞায়িত উৎপাদক;



(১৩২৭০৫)

মূল্য ৪ টাকা ৪.০০

- (খ) “ব্যবসায়ী” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২ এর দফা (খখখখ)-তে সংজ্ঞায়িত ব্যবসায়ী;
- (গ) “সেবা প্রদানকারী” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবা খাত বহির্ভূত অন্যকোন খাতে সেবা প্রদানকারী।

৩। পুরস্কারের জন্য মনোনয়ন।—(১) প্রতি অর্থ বৎসরের জন্য জাতীয় পর্যায়ে এবং জেলা পর্যায়ে পণ্যের উৎপাদন, সেবা এবং ব্যবসার ক্ষেত্রে সর্বোচ্চ মূল্য সংযোজন কর প্রদানকারী প্রতিষ্ঠান এইরূপ মনোনয়নের জন্য বিবেচিত হইবে।

(২) জেলা পর্যায়ে প্রতিটি জেলায় পণ্য উৎপাদন খাতে ১টি, সেবা প্রদান খাতে ১টি এবং ব্যবসা খাতে ১টি করিয়া মোট ৩টি প্রতিষ্ঠান-কে পুরস্কারের জন্য মনোনীত করা হইবে।

(৩) জাতীয় পর্যায়ে পণ্য উৎপাদন খাতে ৩টি, সেবা প্রদান খাতে ৩টি এবং ব্যবসা খাতে ৩টি করিয়া মোট ৯টি প্রতিষ্ঠান-কে পুরস্কারের জন্য মনোনীত করা হইবে।

৪। মনোনয়নের যোগ্যতা।—এই নীতিমালা অনুযায়ী পুরস্কারের জন্য মনোনয়নের নিমিত্ত সর্বোচ্চ কর পরিশোধকারী প্রতিষ্ঠান-কে পূর্ববর্তী অর্থ বৎসরে পরিশোধিত রাজস্ব অপেক্ষা অনূন ১০ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করিতে হইবে।

৫। মনোনয়নের অযোগ্যতা।—নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন প্রতিষ্ঠান এই নীতিমালার অধীন পুরস্কারের জন্য মনোনয়নের অযোগ্য বলিয়া বিবেচিত হইবে, যথা :—

- (ক) মনোনয়নের জন্য বিবেচনাধীন প্রতিষ্ঠান কর্তৃক দায়েরকৃত রাজস্ব সংক্রান্ত বিষয়ে কোন মামলা কোন আদালত/ট্রাইবুনালে বিচারাধীন থাকিলে;
- (খ) যেই অর্থ বৎসরের জন্য পুরস্কার প্রদান করা হইবে সেই অর্থ বৎসরে কোন প্রতিষ্ঠান রাজস্ব সংক্রান্ত বিষয়ে কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইলে;
- (গ) সরকারের প্রাপ্য কোন কর বকেয়া থাকিলে কিংবা ব্যাংকসহ কোন অর্থলগ্নী প্রতিষ্ঠানের নিকট কোন প্রতিষ্ঠান ঋণ খেলাপী হইলে;
- (ঘ) কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এবং ইনকাম ট্যাক্স অর্ডিন্যান্স, ১৯৮৪ এর অধীন কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা বহাল থাকিলে।

৬। পুরস্কার প্রত্যাহার।—পুরস্কার পাওয়ার পর প্রাপ্ত যেই অর্থ বৎসরের জন্য কোন প্রতিষ্ঠান পুরস্কার লাভ করিয়াছেন সেই অর্থ বৎসরের হিসাব পর্যালোচনা ও নিরীক্ষায় পরবর্তীকালে যদি কোন অনিয়ম পাওয়া যায় তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের পুরস্কার ও সম্মাননাপত্র প্রত্যাহার করা হইবে।

৭। মনোনয়নের পদ্ধতি।—মনোনয়নের পদ্ধতি হইবে নিম্নরূপ :

- (ক) পুরস্কার প্রদানযোগ্য প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতিসহ প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অন্যান্য ৫(পাঁচ) সদস্যবিশিষ্ট ১টি কমিটি গঠন করা হইবে যাহাতে FBCCI এর একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হইবে;
- (খ) প্রতি অর্থ বৎসরের জন্য পুরস্কার প্রদানযোগ্য জেলাভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নের লক্ষ্যে উক্ত অর্থ বৎসরের জুন মাসের মধ্যে প্রত্যেকটি কমিশনারেট হইতে রাজস্ব পরিসংখ্যানসহ প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক পরবর্তী অর্থ বৎসরের জুলাই মাসের মধ্যে তালিকা চূড়ান্তকরণসহ যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হইবে;
- (গ) পুরস্কার প্রদানের জন্য মনোনয়নযোগ্য প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকা প্রণয়নের পর বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হইবে। প্রাথমিক তালিকায় বর্ণিত প্রতিষ্ঠান সম্পর্কে ৫(গ) অনুচ্ছেদে বর্ণিত বিষয়ে কোন আপত্তি থাকিলে বাংলাদেশ ব্যাংক জাতীয় রাজস্ব বোর্ড-কে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তাহা অবহিত করিবে। উক্ত সময়ের মধ্যে অবহিত করা না হইলে প্রতিষ্ঠানগুলি সম্পর্কে কোন বিরূপ মন্তব্য নাই বলিয়া বিবেচিত হইবে।

৮। পুরস্কার প্রদান।—

- (ক) জাতীয় রাজস্ব বোর্ডের তত্ত্বাবধানে তদকর্তৃক নির্ধারিত সময়ে জাতীয় পর্যায়ে একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রতি বৎসর এই পুরস্কার প্রদান করা হইবে;
- (খ) পুরস্কৃত প্রতিষ্ঠানসমূহকে একটি ক্রেস্ট ও একটি সম্মাননাপত্র প্রদান করা হইবে;
- (গ) পুরস্কৃত প্রতিষ্ঠানের তালিকা বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হইবে।

৯। সরকার কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত বাতিল বা প্রদত্ত পুরস্কার প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ

সচিব।